গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
অধিশাখা-১২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.most.gov.bd

নম্বর: ৩৯.০০.০০০০.০১২.০২.০০৮.২৩.১০৪

তারিখ : ৩১ জ্যৈষ্ঠ ১৪৩০ / ১৪ জুন ২০২৩

# বিজ্ঞপ্তি

[বিজ্ঞান ও প্রযুক্তিতে নতুন জ্ঞান সংযোজনের মাধ্যমে জাতীয় উন্নয়নে অবদান]

**বিষয়: ২০২৩-২০২৪ অর্থবছরে এমএস/এমএসসি, এমফিল ও পিএইচডি কোর্সে অধ্যয়নরত/গবেষণারত ছাত্র-ছাত্রীগণের নিকট হতে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপের জন্য আবেদন আহ্বান।**

২০২৩-২০২৪ অর্থবছরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ প্রদানের জন্য পাবলিক বিশ্ববিদ্যালয়/অনুমোদিত স্নাতকোত্তর শিক্ষা প্রতিষ্ঠান ও ইনস্টিটিউটে ভৌত বিজ্ঞান, পরিবেশ বিজ্ঞান ও প্রকৌশল/জীববিজ্ঞান ও চিকিৎসাবিজ্ঞান/খাদ্য ও কৃষিবিজ্ঞান-এর আওতাভূক্ত বিষয়সমূহে এমএস/এমএসসি, এমফিল ও পিএইচডি কোর্সে অধ্যয়নরত/গবেষণারত ছাত্র-ছাত্রী/গবেষকগণের নিকট হতে অনলাইনে (**https://grant.most.gov.bd/en/services/most/nst-fellowship**) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**<u>শর্তাবলী:</u>**

(১) অনলাইনে আবেদন করার পূর্বে উপরের লিংকের ওয়েব পেজ থেকে প্রথমে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম (আইডিএসডিপি)-এ নিবন্ধিত হতে হবে। নিবন্ধিত হওয়ার পর জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপের জন্য আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ করার সময় আবেদনকারীর সাম্প্রতিক সময়ে তোলা ছবি, জাতীয় পরিচয়পত্রের (NID/SMART CARD) স্ক্যান কপিসহ চাহিত সকল তথ্য/দলিলাদি সংযুক্ত/আপলোড করতে হবে।

(২) এ বিজ্ঞাপন প্রকাশের দিন থেকে আগামী ২০ জুলাই ২০২৩ তারিখ রাত ১২.০০ পর্যন্ত আবেদন সাবমিটের জন্য লিংক একটিভ থাকবে। অনলাইন সাবমিট করা হলেও পরবর্তী ৭দিনের মধ্যে ডাকযোগে বা কুরিয়ারের মাধ্যমে অনলাইনে আবেদনকৃত একসেট প্রিন্ট কপি মন্ত্রণালয়ে [অধিশাখা-১২, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, কক্ষ নং-৯১৯, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা] পৌঁছাতে হবে। সময়মত আবেদনের হার্ডকপি মন্ত্রণালয়ে পাওয়া না গেলে আবেদন পত্র বিবেচনায় নেয়া হবে না। ডাকযোগে প্রেরণকৃত খামের উপর মোটা কালিতে **কোর্সের নাম** (এমএস/এমএসসি/এমফিল/পিএইচডি), **গ্রুপের নাম** (ভৌত বিজ্ঞান, পরিবেশ বিজ্ঞান ও প্রকৌশল/জীববিজ্ঞান ও চিকিৎসাবিজ্ঞান/খাদ্য ও কৃষি বিজ্ঞান) এবং **বিশ্ববিদ্যালয়ের নাম** লিখতে হবে। আবেদনকারী যে ফ্যাকালটির ছাত্র তার ভিত্তিতে ‘গ্রুপ’ এর নাম লিখতে হবে। ফেলোশিপ নবায়নের জন্য আবেদনকারীগণ **‘নবায়ন’** শব্দটিও লিখবেন। উল্লেখ্য, এমএস/এমএসসি পর্যায়ে নবায়নের কোন সুযোগ নাই।

(৩) একজন আবেদনকারী যে কোন ০১ (এক)টি গ্রুপে কেবলমাত্র ০১ (এক)টি আবেদন করতে পারবেন।

(৪) পূর্ণকালীন ছাত্রত্ব না থাকলে (এমএস/এমএসসি, এমফিল ও পিএইচডি যে পর্যায়েরই হোক) আবেদনের যোগ্য হবেন না। খন্ডকালীন বা সান্ধ্যকালীন ছাত্রত্ব গ্রহণযোগ্য হবে না।

(৫) চাকুরিজীবীগণ কেবল এমফিল ও পিএইচডি পর্যায়ের ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন। অফিসের অনুমতি না নিয়ে ভর্তি হয়ে থাকলে তিনি আবেদনের যোগ্য হবেন না।

(৬) ‘অন্য কোন সরকারি/স্বায়ত্বশাসিত/বেসরকারি প্রতিষ্ঠান হতে শিক্ষা/গবেষণার জন্য কোন প্রকার ফেলোশিপ/অনুদান গ্রহণ করেন না’ মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ঘোষণাসহ নির্ধারিত বাক্য সম্বলিত অঙ্গীকারনামা স্ক্যান কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত/আপলোড করতে হবে। অঙ্গীকারনামার মূলকপি প্রিন্টকৃত আবেদনপত্রের সাথে মন্ত্রণালয়ে পৌঁছাতে হবে। অঙ্গীকারনামার নমুনা ওয়েবসাইটে (www.most.gov.bd) পাওয়া যাবে।

(৭) এমএস/এমএসসি কোর্সে অধ্যয়নরতদের এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় GPA ন্যূনতম ৪.৫ (স্কেল-৫)/প্রথম বিভাগ এবং স্নাতক পর্যায়ে CGPA ন্যূনতম ৩.৪ (স্কেল-৪)/৪.২৫ (স্কেল-৫)/প্রথম শ্রেণি থাকতে হবে। আবেদনের শেষ তারিখে বয়স অনুর্দ্ধ-৩০ বছর হতে হবে।

(৮) এমফিল ও পিএইচডি কোর্সে অধ্যয়নরতদের এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় GPA ন্যূনতম ৪.৫ (স্কেল-৫)/প্রথম বিভাগ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে CGPA ন্যূনতম ৩.২ (স্কেল-৪)/৪.০ (স্কেল-৫)/প্রথম শ্রেণি থাকতে হবে। এমফিল পর্যায়ে আবেদনের শেষ তারিখে বয়স অনূর্ধ্ব ৩৫ বছর এবং পিএইচডি পর্যায়ে আবেদনের শেষ তারিখে বয়স অনূর্ধ্ব ৪৫ বছর।

(৯) প্রাপ্ত আবেদনপত্র প্রাথমিকভাবে যাচাই-বাছাইয়ের পর তালিকা বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং যথাসময়ে ওয়েবসাইটের মাধ্যমে তারিখ ও স্থান জানিয়ে মৌখিক পরীক্ষা আহবান করা হবে।

(১০) নিম্নোক্ত কাগজপত্রের একসেট সাক্ষাৎকার বোর্ডে দেখাতে হবে:

(১) এমএস/এমএসসি পর্যায়ের আবেদনকারীগণের এসএসসি, এইচএসসি ও স্নাতক পাশের মূল সার্টিফিকেট।

(২) এমফিল ও পিএইচডি পর্যায়ের আবেদনকারীগণের এসএসসি, এইচএসসি, স্নাতক ও স্নাতকোত্তর পাশের মূল সার্টিফিকেট।

(১১) নিম্নোক্ত কাগজপত্রের একসেট সাক্ষাৎকার বোর্ডে জমা দিতে হবে:

(ক) এমএস/এমএসসি, এমফিল ও পিএইচডি পর্যায়ের ২০২৩-২০২৪ অর্থবছরে নতুন আবেদনকারীগণ ০৩ (তিন) পাতার গবেষণা সিনোপসিস এর ০৪ (চার) কপি জমা দিবেন। ফেলোশিপ নবায়নের আবেদনকারীগণ ০৪ (চার) পাতার মধ্যে সীমিত গবেষণা কর্মের অগ্রগতি প্রতিবেদন এর ০৪ (চার) কপি জমা দিবেন।

(খ) এমফিল ও পিএইচডি পর্যায়ের আবেদনকারীগণ তাঁদের ভর্তির কনফার্মেশন পত্র জমা দিবেন। চাকরিজীবীগণ তাঁদের ছুটির প্রমাণক জমা দিবেন।

**(প্রয়োজনে বিস্তারিত জানার জন্য হেল্প লাইন নম্বর: ০১৭৮৭৬৭৭৭২৩/০১৮৬৯৯৬৭০৫০/০১৯২০৮১৫৩০৪ )**

২৪/০৬/২০২৩

(রতন কুমার মন্ডল)
উপসচিব
ফোনঃ ৯৫১৫৪৩৩
E-mail:section12@most.gov.bd

**(৩০০/- টাকার স্ট্যাম্পের ক্ষেত্রে প্রযোজ্য)**

## বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপের জন্য আবেদনকারী ছাত্র-ছাত্রী/গবেষকের অঙ্গীকারনামা

১। আবেদনকারীর নাম :-------------------------------------------

২। গ্রুপের নাম :-------------------------------------------

৩। শ্রেণি/কোর্সের নাম :-------------------------------------------

৪। বিশ্ববিদ্যালয়ের নাম :-------------------------------------------

৫। **আমি অঙ্গীকার করছি যে,**

(ক) অন্য কোন সরকারি/স্বায়ত্বশাসিত/বেসরকারি প্রতিষ্ঠান হতে শিক্ষা/গবেষণার জন্য কোন প্রকার ফেলোশিপ/অনুদান গ্রহণ করিনা।

(খ) ফেলোশিপ প্রাপ্ত হলে-

(i) গবেষণা সমাপ্তির পর ০২ (দুই) মাসের মধ্যে গবেষণা প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করব।

(ii) কোর্স সমাপ্ত হবার পূর্বে যদি কোন কারণে আমি কোর্স পরিত্যাগ করি বা গবেষণা চালাতে অপারগ হই তবে অবিলম্বে মন্ত্রণালয়কে অবহিত করব।

(iii) সরকার প্রদত্ত অর্থ সহায়তাকে উদ্দীপক হিসেবে গ্রহণ করে প্রযুক্তি উন্নয়নের লক্ষ্যে আমার মেধা ও শ্রম নিয়োজিত করব।

আবেদনকারীর পূর্ণ নাম, স্বাক্ষর ও তারিখ

(For MS/MSc)

**Part 5: Applicant's declaration**

1. I myself have filled in th.is NST application from
2. I am reconfirming the following information -

My mobile number ....................................................................

My NID number ........................................................................

My e-mail address .....................................................................

3. Information I have given in this form is correct and authentic

(Signature of the applicant)
Date ..........................

4. Counter sign by Head of the Department

(Signature and official seal of Department Head)

**(For MPhil and PhD)**

**Part 11: Applicant's declaration**

1. I myself have filled in this NST application from
2. If I leave /stop my research work (whatever is the reason), as soon as possible, I will inform it to MoST
3. I will not other any fellowship along with NST fellowship.
4. I am reconfirming the following information-

   My mobile is ..........................
   My NID is ..............................
   My e-mail is ............................

5. Information I have given in the form is correct and genuine.

| |
|---|
| |
| Signature of the applicant<br>Date ................................ |

6. Counter sign by Head of the Department

| |
|---|
| |
| (Signature and official seal of Department Head) |